

## 💵 সহীহ দুআ ও যিক্র

বিভাগ/অধ্যায়ঃ জুমআহ, বিবাহ-বন্ধন ইত্যাদির খুতবাহ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## জুমআহ, বিবাহ-বন্ধন ইত্যাদির খুতবাহ

إِنَّ الْحَمْدَ لِلهِ نَحْمَدُهُ وَنَسْتَعِينُهُ وَنَسْتَعْفِرُهُ، وَنَعُوذُ بِاللهِ مِنْ شُرُورِ أَنْفُسِنَا وَمِنْ سَيِّئَاتِ أَعْمَالِنَا، مَنْ يَهْدِهِ اللهُ فَلاَ مُضِلَّ لَهُ، وَمَنْ يُضْلِلْ فَلاَ هَادِى لَهُ، وَأَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ مُضْلِلٌ فَلاَ هَادِى لَهُ، وَأَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ (آل عمران:102) {يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ حَقَّ تُقَاتِهِ وَلاَ تَمُوتُنَّ إِلَّا وَأَنْتُمْ مُسْلِمُونَ}

{يَا أَيُّهَا النَّاسُ اتَّقُوا رَبَّكُمُ الَّذِي خَلَقَكُمْ مِنْ نَفْسٍ وَاحِدَةٍ وَخَلَقَ مِنْهَا زَوْجَهَا وَبَثَّ مِنْهُمَا رِجَالًا كَثِيرًا وَنِسَاءً وَاتَّقُوا اللَّهَ الَّذِي تَسَاءَلُونَ بِهِ وَالْأَرْحَامَ إِنَّ اللَّهَ كَانَ عَلَيْكُمْ رَقِيبًا}

(النساء:1)

(الأحزاب: 70، 71) {يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللهَ وَقُولُوا قَوْلاً سَدِيدًا \* يُصْلِحْ لَكُمْ أَعْمَالَكُمْ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ وَمَنْ يُطِعِ اللهَ وَرَسُولَهُ فَقَدْ فَازَ فَوْزًا عَظِيمًا}

উচ্চারণঃ ইরাল হামদা লিল্লা-হি নাহমাদুহু অনাস্তাঈনুহু অনাস্তাগফিরুহু, অনাউযু বিল্লা-হি মিন শুরুরি আনফুসিনা অ সাইয়িুিআতি আ'মা-লিনা। মাইয়াুহিদিহিল্লা-হু ফালা মুযিল্লা লাহু অমাই য়ুুুুফুলিল ফালা হা-দিয়া লাহ। অ আশহাদু আল লা ইলা-হা ইল্লাল্লা-হু অহদাহু লা শারীকা লাহ, অআশহাদু আরা মুহাম্মাদান আবদুহু অরাসূলুহ।

এরপর সূরা নিসার ১নং আয়াত, সূরা আলে ইমরানের ১০২ নং আয়াত, এবং সূরা আহ্যাবের ৭০-৭১নং আয়াত। অর্থঃ- সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। আমরা তাঁর প্রশংসা করি, তার নিকট সাহায্য চাই এবং তাঁর নিকট ক্ষমা প্রার্থনা করি। আল্লাহর নিকট আমরা আমাদের আত্মা এবং আমাদের মন্দ কর্মের অনিষ্ট থেকে আশ্রয় প্রার্থনা করি। আল্লাহ যাকে পথ দেখান তাকে ভ্রষ্টকারী কেউ নেই এবং তিনি যাকে ভ্রষ্ট করেন তাকে পথপ্রদর্শনকারী কেউ নেই। আমি সাক্ষি দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন সত্য মাবুদ নেই। তিনি একক, তার কোন অংশীদার নেই। আর আরো সাক্ষি দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার দাস ও রস্ল।

"হে মানব! তোমরা তোমাদের প্রতিপালককে ভয় কর যিনি তোমাদেরকে এক ব্যক্তি থেকে সৃষ্টি করেছেন ও তা থেকে তার সঙ্গিনী সৃষ্টি করেছেন এবং উভয় থেকে বহু নর-নারী (পৃথিবীতে) বিস্তার করেছেন, এবং তোমরা আল্লাহকে ভয় কর যার নামে তোমরা একে অপরের নিকট যাচনা কর। আর ভয় কর জ্ঞাতি-বন্ধন ছিন্ন করাকে। নিশ্চয় আল্লাহ তোমাদের উপর তীক্ষা দৃষ্টি রাখেন।" (সূরা নিসা ১)

"হে ঈমানদারগণ! তোমরা আল্লাহকে যথার্থভাবে ভয় কর এবং মুসলমান (আত্মসমর্পণকারী) না হয়ে অবশ্যই মরো না ৷" (সূরা আলে ইমরান ১০২)

"হে মুমিনগণ! তোমরা আল্লাহকে ভয় কর এবং সঠিক কথা বল, তাহলে তিনি তোমাদের কর্মসমূহকে ক্রটিমুক্ত করবেন এবং তোমাদের পাপ ক্ষমা করবেন। যে আল্লাহ ও তাঁর রসুলের আনুগত্য করবে সে অবশ্যই মহা সাফল্য



অর্জন করবে।" (সূরা আহ্যাব ৭০, ৭১) (আবু দাউদ ২১১৮; তি ১১০৫)।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11778

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন